
PA-2
Bengali Syllabus of Class -6.

ক)স্বাধীনতার সুখ ।
খ)গোপাল ভাঁড়ের গল্প ।

গল্প-গোপাল ভাঁড়ের গল্প ।

প্রশ্নোত্তর।

ক)গোপাল ভাঁড় কে ছিল?সে কি করত?

উত্তর-গোপাল ভাঁড় ছিল রাজা কৃষ্ণচন্দ্রের প্রিয়জন ।

গোপাল ভাঁড় রাজাকে মজার মজার কথা বলে হাসাতেন ও ভাবিয়ে তুলতেন।

খ)গোপালের সময় রাজা কে ছিলেন?

উত্তর-গোপালের সময় রাজা ছিলেন রাজা কৃষ্ণচন্দ্র ।

গ)রাজা কাকে শাস্তি দিয়েছিলেন?কী শাস্তি দিয়েছিলেন ?

উত্তর-রাজা একজন লোককে শাস্তি দিয়েছিলেন ।

সেই লোকটিকে এক-বুক কনকনে ঠান্ডা জলের পুকুরে সারারাত কাটাতে হবে,শুধু মাথাটা থাকবে জলের উপরে, বাকি শরীর জলের নীচে।

ঘ)কীভাবে লোকটি সারারাত জলে দাঁড়িয়েছিলেন?

উত্তর-লোকটি সারারাত জলে দাঁড়িয়েছিলেন রাজবাড়ির বড়ো আলোর দিকে তাকিয়ে ।

ঙ)তার কথা শুনে রাজা কী বলেছিলেন?

উত্তর-লোকটির কথা শুনে রাজা বলেছিলেন যে তার শাস্তি হয় নি কারণ সারা রাত বড়ো আলোর তাপ তাকে গরম রেখেছিল ।

চ)গোপাল রাজাকে কিভাবে কীভাবে শিক্ষা দিয়েছিলেন?

উত্তর-গোপাল রাজাকে বাস্তব শিখানোর

জন্য তালগাছের মাথায় হাঁড়ি বেঁধে গাছের গোড়ায় উনুন জ্বালিয়েছিল, যে এতো দূর থেকে তাপ পাওয়া যায় না ।